রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১১, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ/ ১১ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-৩১৬-আইন/আয়কর/২০২১।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার,—

(১) বাংলাদেশে নিবন্ধিত (দেশীয় ও জয়েন্ট ভেঞ্চার) Active Pharmaceutical Ingredients (API) মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলি:**

(ক) ১ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত সম্পূর্ণ করমুক্ত সুবিধা প্রাপ্তির নিমিত্ত এপিআই মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক উৎপাদনকারী প্রতিষ্ঠানকে তাহার নিজস্ব কারখানায় স্থানীয়ভাবে এপিআই মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক উৎপাদন করিতে হইবে;

(খ) ১ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০৩২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত সম্পূর্ণ কর মুক্ত সুবিধা প্রাপ্তির নিমিত্ত এপিআই মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক উৎপাদনকারী প্রতিষ্ঠানকে তাহার নিজস্ব কারখানায় প্রতি বছর অন্যূন ৫ টি করিয়া নূতন এপিআই মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক স্থানীয়ভাবে উৎপাদন করিতে হইবে;


**মূল্য :** টাকা ৮.০০

(গ) ১ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০৩২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত হ্রাসকৃত ৭.৫% (সাত দশমিক পাঁচ শতাংশ) হারে আয়কর প্রদান সাপেক্ষে, এপিআই মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক উৎপাদনকারী প্রতিষ্ঠানকে তাহার নিজস্ব কারখানায় প্রতি বছর অন্যূন ৩টি করিয়া নূতন এপিআই মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক স্থানীয়ভাবে উৎপাদন করিতে হইবে;

(ঘ) সকল এপিআই মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাধ্যতামূলকভাবে বার্ষিক Turnover এর অন্যূন ১% (এক শতাংশ) গবেষণা ও উন্নয়নে (Research & Development) ব্যয় করিতে হইবে এবং একাডেমিক ও গবেষণা প্রতিষ্ঠানের সহিত সম্পৃক্ততা প্রতি বৎসর উত্তরোত্তর বৃদ্ধি করিতে হইবে;

(ঙ) এপিআই মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক উৎপাদনকারী প্রতিষ্ঠানকে প্রতি বৎসর বিধি মোতাবেক ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রত্যয়ন পত্র সঠিকভাবে দাখিল করিতে হইবে;

(চ) মানহীন এপিআই মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক উৎপাদনের কারণে কোনো বৎসরে কোনো সরকারি কর্তৃপক্ষ কর্তৃক জরিমানা আরোপিত হইলে উক্ত বৎসরের জন্য এই প্রজ্ঞাপনের সুবিধা বাতিল হইবে;

(ছ) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর অব্যাহতি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে তফসিলের বিধান মোতাবেক এপিআই মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুমোদন গ্রহণ করিতে হইবে;

(জ) এই প্রজ্ঞাপনের অধীন অনুমোদনপ্রাপ্ত এপিআই মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উক্ত Ordinance এর বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(২) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদান হইতে অব্যাহতি প্রাপ্তির জন্য অনুমোদনপ্রাপ্ত এপিআই মলিকিউল ও ল্যাবরেটরি বিকারক উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক ৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস. আর. ও. নং ১২৭- আইন/২০২০/৭৮/কাস্টমস এর TABLE এ বর্ণিত জাতীয় ও আন্তর্জাতিক মানসম্পন্ন রাসায়নিক যৌগসমূহ (Technical Grade/Chemically pure) আমদানির ক্ষেত্রে উক্ত Ordinance এর অধীন প্রদেয় অগ্রিম আয়কর প্রদান হইতে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস. আর.ও. নং-১৭৮-আইন/২০১৯/৩৫-মূসক এর সকল শর্ত পরিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল।

২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ৯ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং ২৯-আইন/আয়কর/২০২০ এতদ্দ্বারা বাতিল করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৬ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩২ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত কার্যকর থাকিবে।

## তফসিল

[শর্তাবলির দফা (ছ) দ্রষ্টব্য]

১। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণ করিবার জন্য সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনে উল্লিখিত শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট তফসিলের অনুচ্ছেদ ২ মোতাবেক আবেদন করিতে হইবে।

২। কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক নিম্নবর্ণিত আবেদন ফরমের নির্ধারিত স্থানে প্রত্যয়ন এবং স্বাক্ষর করিয়া ২ (দুই) কপি জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবেন।

### আবেদনপত্র

(ক) কোম্পানির নাম, টিআইএন ও বিআইএন:

(খ) কোম্পানির নিবন্ধনের তারিখ:

(গ) কোম্পানির নিবন্ধিত অফিসের পূর্ণাঙ্গ ঠিকানা:

(ঘ) যন্ত্রপাতি স্থাপনের কাল:

(ঙ) বাণিজ্যিক উৎপাদন আরম্ভের তারিখ:

(চ) বিনিয়োগের পরিমাণ:

(ছ) পরিশোধিত মূলধনের পরিমাণ:

(জ) অনুমোদিত মূলধনের পরিমাণ:

(ঝ) কর্মচারীর সংখ্যা:

(ঞ) গ্যাস বা বিদ্যুৎ সংযোগ গ্রহণের তারিখ:

(ট) উৎপাদনকৃত পণ্যের তালিকা:

(ঠ) পণ্যভিত্তিক উৎপাদনের কাঁচামাল:

(ড) কারখানার অবস্থান ও ঠিকানা:

তারিখ: ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর

### প্রতিপাদন এবং স্বাক্ষর

আমি...................... সশ্রদ্ধচিত্তে ঘোষণা করিতেছি যে, এই রিটার্ন এবং সংযুক্ত তথ্য ও প্রমাণাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সঠিক ও সম্পূর্ণ।

তারিখ: ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর

৩। আবেদন পত্রের সহিত আবশ্যিক সংযুক্তি:

ক. কোম্পানির নিবন্ধন সনদের কপি;

খ. কোম্পানির মেমোরেন্ডাম এবং আর্টিক্যাল অব এসোসিয়েশনের কপি;

গ. কারখানা মূল্য সংযোজনের সপক্ষে মূসক ৪.৩ দাখিল;

ঘ. আবেদনের মাসের পূর্ববর্তী অর্থ বছর পর্যন্ত কোম্পানির নিরীক্ষিত আর্থিক বিবরণীসমূহ;

ঙ. বিনিয়োগের বিস্তারিত বিবরণ;

চ. ভাড়ায় বা লীজে বিল্ডিং, প্ল্যান্ট বা যন্ত্রপাতি ব্যবহৃত হইলে তাহার বিস্তারিত বিবরণ;

ছ. পণ্যভিত্তিক উৎপাদনের কাঁচামাল এবং সরবরাহকারীর বিস্তারিত তালিকা।

৪। কোম্পানির আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত কমিটি আবেদনের বিষয়ে অনুসন্ধান কার্যক্রম পরিচালনাপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের নিকট অনুসন্ধান প্রতিবেদন দাখিল করিবে-

| | | |
|---|---|---|
| (ক) | প্রথম সচিব (করনীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহবায়ক |
| (খ) | সংশ্লিষ্ট সার্কেলের উপ-কর কমিশনার | সদস্য |
| (গ) | ঔষধ প্রশাসন অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | দ্বিতীয় সচিব (কর আইন-১), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য সচিব। |

৫। পরিদর্শনের আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তফসিল এর অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে এবং উক্ত কমিটির আবেদনের প্রেক্ষিতে বোর্ড যৌক্তিক সময় বৃদ্ধি করিতে পারিবে।

৬। পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে উক্ত প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অব্যাহতি সনদ প্রদান করিবে অথবা, ক্ষেত্রমত, আবেদন প্রত্যাখাত হইয়াছে মর্মে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

৭। দাখিলকৃত আবেদন প্রত্যাখাত হইলে আবেদনকারী জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করিবার নিমিত্ত আবেদন করিতে পারিবে এবং উক্ত পুনর্বিবেচনার আবেদন দাখিলের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য পদমর্যাদার একজনকে আহবায়ক করিয়া তিন সদস্য বিশিষ্ট কমিটি আবেদনকারীকে শুনানীর সুযোগ প্রদানপূর্বক চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd